

Dhaka, 11 September 2025: The Economic Relations Division (ERD) of the Government of Bangladesh and the United Nations Capital Development Fund (UNCDF) today signed an amended agreement at ERD (UN Conference Room), Dhaka to extend the flagship project “Leaving No One Behind in the Digital Era in Bangladesh”. On behalf of ERD A K M Sohel, Additional Secretary, ERD, and Ms. Maria Perdomo, Regional Investment Team Lead for Asia and the Pacific Region, UNCDF signed the agreement.

The project, originally scheduled to conclude in December 2025. The LNOB programme, directly implemented by UNCDF, runs from 1 August 2023 to 31 December 2027 with a total budget of USD 17.15 million (211 Crore BDT) where additional USD 15.85 million (191 Crore BDT) will be added to this project.

Since its inception from 2023, “Leaving No One Behind in the Digital Era in Bangladesh project has played a critical role in increasing citizens’ ability to participate fully in the digital economy.

Key achievements include strengthening open digital infrastructure to support inclusive growth, improving digital policies and regulations to foster innovation and equitable access increasing financial access and resources for digital innovators-particularly women, youth, migrants, smallholder farmers, and persons with disabilities.

The amendment will allow the project to deepen its work, ensuring marginalized communities can benefit from digital opportunities and contribute to Bangladesh’s inclusive, sustainable development.

The press release (Bangla & English) and picture are attached here for circulation.

Best regards
Md Abdus Salam Chowdhury
Deputy Secretary
Economic Relations Division
Ministry of Finance
Dhaka, Bangladesh.
Tel: 2222216755

ঢাকা, ১১ সেপ্টেম্বর ২০২৫ : বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) ও জাতিসংঘ পুঁজি উন্নয়ন তহবিল (ইউএনসিডিএফ) আজ ঢাকায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (জাতিসংঘ কনফারেন্স রুম)-এ “Leaving No One Behind in the Digital Era in Bangladesh” শীর্ষক প্রকল্পটির কার্যক্রম বর্ধিত করার জন্য একটি সংশোধিত চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

ইআরডির পক্ষে জনাব এ. কে. এম. সোহেল, অতিরিক্ত সচিব এবং ইউএনসিডিএফ-এর পক্ষে মারিয়া পেরডোমো, আঞ্চলিক বিনিয়োগ টিম প্রধান (এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল) চুক্তিতে স্বাক্ষর করেন।

প্রকল্পটি মূলত ডিসেম্বর ২০২৫-এ সমাপ্ত হওয়ার কথা থাকলেও ইউএনসিডিএফ কর্তৃক সরাসরি বাস্তবায়িত *এলএনওবি (LNOB)* কর্মসূচি ১ আগস্ট ২০২৩ থেকে শুরু হওয়া প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত চলবে, যার মোট বাজেট ১৭.১৫ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ২১১ কোটি টাকা)। বর্ধিত সময়ের জন্য এর মধ্যে অতিরিক্ত ১৫.৮৫ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১৯১ কোটি টাকা) প্রকল্পের সম্প্রসারিত কার্যক্রমে সংযুক্ত হবে।

২০২৩ সাল থেকে সূচনালগ্নেই “Leaving No One Behind in the Digital Era in Bangladesh” প্রকল্পটি বাংলাদেশের নাগরিকদের ডিজিটাল অর্থনীতিতে পূর্ণাঙ্গ অংশগ্রহণ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রকল্পটির প্রধান সাফল্যসমূহের মধ্যে রয়েছে- অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে উন্মুক্ত ডিজিটাল অবকাঠামো শক্তিশালীকরণ, উদ্ভাবন ও ন্যায্য প্রবেশাধিকার নিশ্চিত করতে ডিজিটাল নীতি ও বিধিমালা উন্নয়ন, ডিজিটাল উদ্ভাবকদের (বিশেষ করে নারী, যুব, অভিবাসী, ক্ষুদ্র কৃষক ও প্রতিবন্ধী ব্যক্তিদের) জন্য আর্থিক সুযোগ ও সম্পদ বৃদ্ধি।

সংশোধিত এই চুক্তি প্রকল্পটির কাজকে আরও গভীর ও কার্যকর করবে, যাতে প্রান্তিক জনগোষ্ঠী ডিজিটাল সুযোগের সুবিধা ভোগ করতে পারে এবং বাংলাদেশের অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়নে অবদান রাখতে পারে।

সংযুক্তি: প্রেস বিজ্ঞপ্তি (বাংলা ও ইংরেজি) ও ছবি।

শুভেচ্ছান্তে,
মোঃ আব্দুস সালাম চৌধুরী
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ঢাকা, বাংলাদেশ
টেলিফোন: ২২২২২১৬৭৫৫